# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য সালাতে বাম দিক দিয়ে ঘুরে বসাও জায়েয মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَكُونَ انْصِرَافُهُ مِنْ صَلَاتِهِ عَنْ يَسَارِهِ

আরবী

1994 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْذَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي عَدِيٍّ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ عَنِ الْأَسْوَدِ بْنِ يَزِيدَ قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ: لَا يَجْعَلْ أَحَدُكُمْ لِلشَّيْطَانِ جُزْءًا مِنْ نَفْسِهِ يَرَى أَنَّ حقاً عليه أن لا يَنْصَرِفَ إِلَّا عَنْ يَمِينِهِ فَلَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَكْثَرُ انْصِرَافِهِ عن يساره.
الراوي : عَبْدُ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1994 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (957)

বাংলা

১৯৯৪. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “তোমাদের কেউ যেন শয়তানের জন্য তার নিজের থেকে কোন অংশ না করে এটা মনে করে যে, তার জন্য জরুরী হলো শুধু ডান দিক দিয়ে মুখ ঘুরে বসা। কেননা নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, অধিকাংশ সময় তিনি বাম দিক দিয়ে মুখ ঘুরে বসতেন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৮৪; সহীহ আল বুখারী: ৮৫২; দারেমী: ১/৩১১; সুনান বাইহাকী: ২/২৯৫; আবূ দাঊদ: ১০৪২; হুমাইদী: ১২৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩২০৮; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭০২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩০৪; সহীহ মুসলিম: ৭০৭; নাসাঈ: ৩/৮১; ইবনু মাজাহ: ৯৩০; আবূ

আওয়ানা: ২/২৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91311

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন